# অধ্যায়- দ্বাদশ

# সুতা তৈরি ও বুনন

## জ্ঞানমূলক প্রশ্নের উত্তরঃ

**১। সুতা তৈরির শেষ পর্যায় কোনটি?**

উত্তরঃ সুতা তৈরির শেষ পর্যায় স্প্রিনিং।

**২। তন্তুর অবস্থান সমান্তরাল হয় কীসের সাহায্য।**

উত্তরঃ তন্তুর অবস্থান সমান্তরার হয় স্লাইভারের সাহায্য।

**৩। সবচেয়ে সহজ বুননের নাম কী?**

উত্তরঃ সবচেয়ে সহজ বুননের নাম সাদাসিধা বুনন।

**৪। টানা ও ওয়ার্প কী?**

উত্তরঃ তাতের মধ্যে এক সেট সুতা লম্বালাম্ভিভাবেসাজানোকে টানা বা ওয়ার্প বলে।

**৫। তুলা তন্তুর ক্ষেত্রে সুতা তৈরির প্রথম পর্যায় কোনটি?**

উত্তরঃ তুলা তন্তুনর ক্ষেত্রে সুতা তৈরির প্রথম পর্যায় কাডিং।

## অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ

**১। সুতায় মোচড়ের পরিমাণে ভিন্নতার কারন কীব্যাখ্যা কর।**

উত্তরঃ ছোট তন্তুতে বড় তন্তুর তুলনায় বেশি পাক বা মোচড় দেওয়া হয়। মোচড়ের পরিমাণ বেশি হলে সুতাটি বেশি শক্ত হয়। মাত্রাতিরিক্ত মোচড়ের ফলে সুতা ছিড়ে যেতে পারে। এজন্য মুল তন্তুর দৈর্ঘ্যী গুনাগুনভেদে সুতা কাটার সময় মোচড়েরর পরিমাণে ভিন্নতা দেখা যায়।

**২। বস্ত্র কোন কোন প্রক্রিয়ায় উৎপাদন করা হয।**

উত্তরঃ আমরা যেপোশাক পরিধান করি তা মুলত প্রস্তুত করা হয বস্ত্র থেকে। এই বস্ত্র বুনন নিটিং ফেল্টিং ব্রেইডিং বন্ডিং ইত্যাদি বিভিন্ন প্রক্রিয়ায় উৎপাদন কর াহয়।

**৩। সবচেয়ে সহজ বুনন সম্পর্কে লেখ।**

উত্তরঃ বস্ত্র বয়ন পদ্ধতির জন্য সবচেয়ে সহজ বুনন হলে াসাদাসিধা বুনন। এই বুননে একটি পড়েন সুতা একটি টানা সুতার উপর নিচদিয়ে অতিক্রম করে। বুননে টানা ও পড়েন সুতাগুলো অত্যন্ত কাছাকাছি অবস্থান করে ফলে কাপড় খুব মৃসণ ও টেকসই হয়।

**৪। কোন বুননের কাপড় বেশ মজবুত হয়?**

উত্তরঃ টুইল বুননের কাড় বেশ মজবুত হয়। এ বুননে জিন্স ড্রিল গ্যাবার্ডিনইত্যাদি পোশাক তৈরি করাহয়। এই বুননে পড়েন সুতা টানা সুতার মধ্যে দিয়ে এমনভাবে চলাচল করে যে কাপড়ের উপরিভাগে কোনাকুনি একটি ভাব ফুটে উঠে।